# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৯৫

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১৫. হায়িযগ্রস্ত মহিলার হায়িয শুরু হওয়ার পূর্বে গোসল ফরয থাকলে তার গোসল করা

بَاب اغْتِسَالِ الْحَائِضِ إِذَا وَجَبَ الْغُسْلُ عَلَيْهَا قَبْلَ أَنْ تَحِيضَ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمِنْهَالِ حَدَّثَتْنِي حَبِيبَةُ بِنْتُ حَمَّادٍ حَدَّثَتْنِي عَمْرَةُ بِنْتُ حَيَّانَ السَّهْمِيَّةُ قَالَتْ قَالَتْ لِي عَائِشَةُ أُمُّ الْمُؤْمِنِينَ أَمَا تَسْتَطِيعُ إِحْدَاكُنَّ إِذَا طَهُرَتْ مِنْ حَيْضِهَا أَنْ تُدَخِّنَ شَيْئًا مِنْ قُسْطٍ فَإِنْ لَمْ تَجِدْ فَشَيْئًا مِنْ آسٍ فَإِنْ لَمْ تَجِدْ فَشَيْئًا مِنْ نَوًى فَإِنْ لَمْ تَجِدْ فَشَيْئًا مِنْ مِلْحٍ

## বাংলা

১১৯৫. আমরাহ বিনতে হায়্যান আস সাহমিয়্যাহ বলেন, আমাকে আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা বলেছেন, তোমাদের কেউ যখন হায়িয হতে পবিত্রতা অর্জন করে, তখন সে কি 'কুশতু' জাতীয় কোনো সুগন্ধি ধোঁয়া ব্যবহার করতে পারে না? তা না পেলে, মেহিদীর সুগন্ধি, তাও না পেলে কোনো (গাছের শক্ত) আঁটি, তাও না পেলে অন্তত: লবন দিয়ে হলেও?[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ।

তাখরীজ: আমি এ শব্দে আমি কোথাও পাইনি। দেখুন, সহীহ মুসলিমে বর্ণিত, আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহার হাদীস নং ৩৩২ ও সুনানে বাইহাকী ১/১৮৩ এবং পরবর্তী হাদীসটি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81478

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন